

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

গণগ্রন্থাগার অধিদপ্তর এর ইনোভেশন টিমের ২৩.০৭.১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

গণগ্রন্থাগার অধিদপ্তর এর ইনোভেশন টিমের সভা ইনোভেশন অফিসার জনাব আবদুল্লাহ হারুন পাশা, পরিচালক (যুগ্মসচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে ৩০.০৫.১৭ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেনঃ


- | | | | |
|-----|---|---|-------|
| (১) | জনাব মোহাম্মদ জিল্লুর রহমান
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা | - | সদস্য |
| (২) | জনাব এ.ডি.এম. আলী আহাম্মদ
লাইব্রেরিয়ান (প্রশাসন ও হিসাব)
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা | - | সদস্য |
| (৩) | জনাব মোহাম্মদ হামিদুর রহমান
সহকারী পরিচালক (সংগ্রহ ও বিতরণ)
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা | - | সদস্য |
| (৪) | খন্দকার আসিফ মাহতাব
লাইব্রেরিয়ান (উন্নয়ন)
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা | - | সদস্য |
| (৫) | জনাব মোঃ মাকসুদুর রহমান
মেইনটেনেন্স সুপারভাইজার
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা | - | সদস্য |

সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইনোভেশন টিমের সদস্য জনাব এ.ডি.এম. আলী আহাম্মদ-কে সভা পরিচালনার জন্য আহ্বান জানান। জনাব আহাম্মদ গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সুপারিশ গ্রহণ করা হয়ঃ

ক্রমিক	আলোচনা	সুপারিশ/সিদ্ধান্ত	মন্তব্য
১।	৩০.০৫.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কারো কোনো সংশোধনী না থাকায় তা অনুমোদন করা যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	৩০.০৫.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।	
২।	গণগ্রন্থাগার অধিদপ্তর wi-fi করার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইতোপূর্বে রবি টেলিকম এর নিকট wi-fi করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দেয়ার সাথে রবির উর্দ্ধতন কর্মকর্তার সাথে মহাপরিচালক মহোদয়ের ফোনলাপও হয়েছে। কিন্তু রবি টেলিকম এ ব্যাপারে কোন সাড়া না দেয়ায় নিজস্ব অর্থায়নে wi-fi করার বিষয়ে সভায় আলোচনা হয়।	নিজস্ব অর্থায়নে গণগ্রন্থাগার অধিদপ্তরে wi-fi করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং কার্যক্রমটি বর্তমানে প্রক্রিয়াধীন থাকছে ।	
৩।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী এ অধিদপ্তরের অডিটরিয়াম ও সেমিনার কক্ষ বরাদ্দের ফরম এবং পুস্তক লেনদেনের নিমিত্ত সদস্য ফরম অনলাইনে প্রবর্তন করার প্রস্তাব অনুযায়ী ইতোমধ্যে প্রয়োজনীয় সফটওয়্যার তৈরির কাজ শেষ হয়েছে। সভায় জানানো হয় যে, আগামী মাসের শুরুতেই উক্ত কার্যক্রম শুরু করা যাবে।	শওকত ওসমান স্মৃতি মিলনায়তন ও সেমিনার কক্ষ অনলাইনে বুকিং ও বরাদ্দ দেয়া এবং অনলাইনে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের সদস্য হওয়ার নিমিত্ত তৈরিকৃত সফটওয়্যার আগস্ট মাসের মধ্যে কার্যকর করার জন্য সুপারিশ করা।	

ক্র.সং.	আলোচনা	সুপারিশ/সিদ্ধান্ত	মন্তব্য
৪।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রদান করা হয়। এর ধারাবাহিকতা বজায় রাখতে হবে মর্মে সভায় আলোচনা হয়।	ইনোভেশন টিমের কার্যবিবরণী নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ করার সুপারিশ করা।	
৫।	বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ বিমান, লঞ্চ ও স্টিমার এর সময়সূচি সংগ্রহ করে ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের ব্যাপারে ০৯.০৩.২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী গত ১৫.০৩.২০১৭ তারিখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পুনরায় পত্র দিলেও বাংলাদেশ রেলওয়ে এবং বাংলাদেশ বিমান এর নিকট থেকে কোন সাড়া পাওয়া যায়নি। এ বিষয়ে ২৭.০৪.২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনরায় তাগিদপত্র দেয়াসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। কিন্তু অদ্যাবধি এরও কোন জবাব না পাওয়ায় যথাযথ কর্তৃপক্ষকে পুনরায় টেলিফোনে তাগাদা দেয়ার বিষয়ে ৩০.০৫.২০১৭ তারিখের সভায় সকল সদস্য একমত পোষণ করে।	বাংলাদেশ রেলওয়ে ও বাংলাদেশ বিমান এর সময়সূচির বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট টেলিফোনে তাগিদ দেয়া অব্যাহত রাখতে হবে।	
৬।	বিগত ২০.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত a2i প্রোগ্রাম কর্তৃক আয়োজিত ইনোভেশন টিমের সদস্যদের উদ্ভাবন চর্চা সহায়ক পরিবেশ তৈরি বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মশালায় এ অধিদপ্তরের ২ (দুই) জন সদস্য অংশগ্রহণ করেন। কর্মশালা থেকে অংশগ্রহণকারীদেরকে ওয়ার্কশপ পরবর্তী করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নির্দেশনার আলোকে কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করা যায় মর্মে আলোচনা হয়।	ওয়ার্কশপ পরবর্তী করণীয়সমূহ নিম্নোক্তভাবে সভায় গৃহীত হয়: (১) ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা; (২) উর্দ্ধতন কর্তৃপক্ষ মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ তদারকি করা; (৩) মাঠ পর্যায়ে উদ্ভাবনী আইডিয়া আহ্বান করে পত্র দেয়া; (৪) গণগ্রহাঙ্গার অধিদপ্তরের ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার স্থাপন করা; (৫) এ বিষয়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ চাইতে হবে; (৬) লাইব্রেরিয়ান (উন্নয়ন) ইনোভেশন সংক্রান্ত সরকারি গেজেট এবং অন্যান্য তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করবেন।	

২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (আবদুলকাম হারুন পাশা)
 পরিচালক (যুগ্মসচিব)
 ও
 ইনোভেশন অফিসার।

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
 গণগ্রহাঙ্গার অধিদপ্তর
 শাহবাগ, ঢাকা।